

একই নম্বর ও তারিখের আদেশের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃঙ্খলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৩.২০১৭-৮২

তারিখঃ ২৫.০২.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ তামান্না ফেরদৌস (১৩১৩৬৫), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৩/০৬/২০১৫ তারিখ হতে ০৭/০৭/২০১৫ পর্যন্ত বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি গ্রহণপূর্বক দেশ ত্যাগ করেন এবং এর ধারাবাহিকতায় আরো ০১ বছর বিনা বেতনে অসাধারণ ছুটি গ্রহণ করে গত ০৭/০৭/২০১৬ তারিখে ছুটি শেষ হলেও কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিষয় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ০১.০৮.২০১৮ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৩.২০১৭-২৬৮ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ১৭.০২.২০১৯ খ্রিঃ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ তামান্না ফেরদৌস (১৩১৩৬৫) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে অনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ তামান্না ফেরদৌস (১৩১৩৬৫), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ২টি বাৎসরিক বেতন বৃদ্ধি আগামী ২ বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তার ০৯/০৭/২০১৬ থেকে ১৫/০১/২০১৯ মোট ২ বছর ৬ মাস ৭ দিন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/

তারিখঃ ২৫/০২/২০১৯

(মোঃ আসাদুল ইসলাম)


সচিব

তারিখঃ ২৫.০২.২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৩.২০১৭-৮২/১(৭)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। ডাঃ তামান্না ফেরদৌস (১৩১৩৬৫), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
(স্থায়ী ঠিকানাঃ সম্প্রীতি, মহিষাখান উত্তরপাড়া, রাজশাহী কোর্ট, রাজপাড়া, রাজশাহী)।



মোঃ আবদুছ সালাম

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮